



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন ; ০৮১-৭৬৩২৮, ফ্যাক্স ; ০৮১-৭৬৪৩৮,

ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/২০১৭/২৮৬

তারিখ : ০২-০৫-২০১৭ খ্রি:

বিষয় : মাধ্যমিক পর্যায়ে সৃজনশীল প্রশ্নপদ্ধতিতে নতুন মাস্টার ট্রেইনার তৈরির লক্ষ্যে শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ঢাকা বোর্ড /বিইডিইউ -সেসিপ/প্রশা-যোগাযোগ (পার্ট-৩) /২০১৪/০২/১০৪১
তারিখ : ১৮/০৪/২০১৭

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা, সেসিপের অর্থায়নে এবং বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট এর তত্ত্বাবধানে মাধ্যমিক পর্যায়ের সৃজনশীল প্রশ্নপদ্ধতির বিষয়সমূহে নতুন করে প্রশ্নপ্রণেতা, পরিশোধনকারী এবং উত্তরপত্র মূল্যায়নকারীগণের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সৃজনশীল প্রশ্ন পদ্ধতির বিষয় সমূহ হচ্ছে : ১. বাংলা ১ম পত্র ২. গণিত ৩. উচ্চতর গণিত ৪. ইসলাম ও নৈতিক শিক্ষা ৫. হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা ৬. বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা ৭. খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা ৮. পদার্থ বিজ্ঞান ৯. রসায়ন ১০. জীব বিজ্ঞান ১১. বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা ১২. অর্থনীতি ১৩. পৌরনীতি ও নাগরিকতা ১৪. কৃষি শিক্ষা ১৫. গার্হস্থ্য বিজ্ঞান ১৬. বাংলাদেশ ও বিশ্ব পরিচয় ১৭. ফিন্যান্স ও ব্যাংকিং ১৮. ভূগোল ও পরিবেশ ১৯. হিসাববিজ্ঞান ২০. ব্যবসায় উদ্যোগ ২১. বিজ্ঞান। এ প্রশিক্ষণের সফলতা নির্ভর করবে বিষয়ভিত্তিক যোগ্য শিক্ষক নির্বাচনের ওপর। তাই নিম্নলিখিত বৈশিষ্ট্যের (ক্রাইটেরিয়া) ভিত্তিতে আপনার প্রতিষ্ঠানের উল্লিখিত বিষয়ের ০১ জন করে যোগ্য শিক্ষক নির্বাচন করে নিম্নোক্ত ছক মোতাবেক তাঁদের নামের তালিকা প্রস্তুতপূর্বক উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর ঠিকানায় এবং সফটকপি msislamcom@yahoo.com এ আগামী ২০/৫/২০১৭ খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা গেল।

ক্র: নং	নাম, পদবী ও প্রতিষ্ঠান	মোবাইল নম্বর	সরকারি চাকুরীতে যোগদান/ MPO ভুক্তির তারিখ	যে বিষয়ের জন্য নিয়োগপ্রাপ্ত	শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণি উল্লেখসহ)
---------	------------------------	--------------	---	-------------------------------	---

২। শিক্ষক মনোনয়নের বিবেচ্য ক্রাইটেরিয়া হবে নিম্নরূপ :

ক. শিক্ষা জীবনে সন্তোষজনক ফলাফল।

খ. শ্রেণিকক্ষে পাঠদানে ন্যূনতম ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা।

গ. প্রশিক্ষণ গ্রহণ এবং বিস্তরণে আগ্রহ ও সম্মতি।

ঘ. বিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধনের ন্যূনতম ০২(দুই) বছরে অভিজ্ঞতা।


ঙ. প্রশিক্ষনান্তে ন্যূনতম ১০(দশ) বছর চাকুরি অবশিষ্ট থাকতে হবে (প্রশিক্ষণলব্ধ দক্ষতা পরীক্ষার মানোন্নয়নে ধারাবাহিকভাবে প্রয়োগ করার জন্য)

চ. কোন প্রতিষ্ঠান প্রধানের নাম প্রেরণ করা যাবে না।

৩। প্রশিক্ষিত শিক্ষকগণ বিভিন্ন বোর্ডের চাহিদার ভিত্তিতে পরবর্তীতে প্রশ্নপত্র প্রণয়নকারী, পরিশোধনকারী এবং পরীক্ষক ও প্রধান পরীক্ষক হিসেবে দায়িত্ব পালনে বাধ্য থাকবেন।

৪। প্রশিক্ষিত শিক্ষকগণ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ডের প্রশিক্ষণ কার্যক্রমে মাস্টার ট্রেইনার হিসাবে দায়িত্ব পালনে বাধ্য থাকবেন। এখানে উল্লেখ্য যে, ইতোপূর্বে ১২ দিনের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণকে পুনরায় মনোনয়ন দেয়া যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(কায়সার আহমেদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২

প্রাপক :

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নং : পরী/মাধ্য/২০১৭/২৮৬(০৭)

তারিখ : ০২- ০৫-২০১৭ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।

৩। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।

৪। উপ-পরিচালক (প্রশাসন/প্রোগ্রাম), সেক্টর প্রোগ্রাম সাপোর্ট ইউনিট, সেসিপ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।

৫। সহকারী পরিচালক, (প্রোগ্রাম-১/প্রোগ্রাম-২/ প্রোগ্রাম-৩), সেক্টর প্রোগ্রাম সাপোর্ট ইউনিট, সেসিপ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।

৬। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা

৭। সংরক্ষণ নথি।



(কায়সার আহমেদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২